# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)

বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫
www.bapex.com.bd

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০৬১.০১.০০১.২১(০৭)

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৮ / ২৬ জুলাই ২০২১

বিষয়: জুলাই ২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

**সভার স্থান** : বোর্ড রুম (লেভেল-৬)
**তারিখ** : ১৮ জুলাই ২০২১
**সময়** : সকাল ১১.০০টা
**সভাপতি** : জনাব মোহাম্মদ আলী, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স।
**উপস্থিতি** : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার সূচনা করেন। অতঃপর তিনি কোম্পানি সচিবকে আলোচ্য বিষয় অনুযায়ী আলোচনা শুরুর জন্য অনুরোধ করেন। মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব জুন, ২০২১ মাসের সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি এবং নতুন আলোচ্য বিষয় পর্যায়ক্রমে নিম্নরূপভাবে উপস্থাপন করেন:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | ডাটা ম্যানেজমেন্ট বিভাগের অতিরিক্ত জায়গা পেট্রোবাংলার নিকট হস্তান্তর | ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের প্রশ্নের জবাবে মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে জানান, পেট্রোবাংলার পরিচালক (প্রশাসন) মহোদয়ের নেতৃত্বে এ সংক্রান্ত একটি কমিটি এ বিষয়ে কাজ করছে। উল্লিখিত কমিটির প্রতিবেদন পাওয়া গেলে পরবর্তী ব্যবস্থাপ গ্রহণ করা হবে। | পেট্রোবাংলার কমিটির প্রতিবেদনের ভিত্তিতে দ্রুততার সাথে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং কোম্পানি সচিব |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২। | অকেজো মালামাল রূপগঞ্জে প্রেরণ | (ক) উপমহাব্যবস্থাপক (ভাণ্ডার) সভাকে অবহিত করেন, যেসব মালামাল ভাণ্ডার উপবিভাগে হস্তান্তর করা হয়েছে সেগুলো ইতোমধ্যে রূপগঞ্জ গ্যাস ক্ষেত্রে স্থানান্তর করা হয়েছে। তবে সকল বিভাগের মালামাল অদ্যাবধি পাওয়া যায়নি বলে তিনি সভাকে অবহিত করেন। এ প্রসঙ্গে সেবা উপবিভাগের উপমহাব্যবস্থাপক সভায় জানান, বিভাগসমূহ থেকে তালিকা ভাণ্ডার উপবিভাগে প্রেরণ করা হয় এবং তদানুযায়ী মালামাল সংগ্রহপূর্বক প্রেরণ করা হয়। মালামালের তালিকা প্রস্তুত, সংগ্রহ এবং প্রেরণে দীর্ঘসূত্রিতার জন্য ব্যবস্থাপনা পরিচালক ক্ষোভ প্রকাশ করেন। এ বিষয়ে আর কোন বিলম্ব বা অহেতুক কালক্ষেপণ কাম্য নয় বলে তিনি সভায় জানান। | (ক) ২৬ জুলাই ২০২১ তারিখের মধ্যে সকল বিভাগের অকেজো/ অব্যবহারযোগ্য মালামালের তালিকা প্রশাসন বিভাগের নিকট প্রেরণ করতে হবে। পরবর্তীতে সেগুলো রূপগঞ্জ গ্যাসক্ষেত্রে স্থানান্তরের বিষয়ে সেবা উপবিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। | (ক) সকল মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক (সেবা) এবং উপমহাব্যবস্থাপক (ভাণ্ডার) |
| | | (খ) নিলাম কমিটির সদস্য মনোনয়ন গ্রহণের জন্য পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে কিনা এ প্রশ্নের জবাবে উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) জনাব মোঃ মনিরুজ্জামান সভায় জানান, পত্র প্রস্তুত করা হলেও বিগত লকডাউনের কারণে পেট্রোবাংলায় তা প্রেরণ করা হয়নি। | (খ) নিলাম কমিটির সদস্য মনোনয়ন প্রাপ্তির জন্য আজ ১৮ জুলাই ২০২১ তারিখের মধ্যে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করতে হবে। | (খ) মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ৩। | আউটসোর্সিং ভিত্তিতে জনবল নিয়োগ | এ বিষয়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) সভায় জানান, উৎপাদন বিভাগ হতে পূর্ণাঙ্গ তালিকা অদ্যাবধি পাওয়া যায়নি বিধায় আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগ প্রক্রিয়া শুরু করা যাচ্ছে না। তাঁর বক্তব্যের সূত্র ধরে মহাব্যবস্থাপক (উৎপাদন) বলেন, ইতোমধ্যে ৪টি গ্যাসক্ষেত্র হতে অস্থায়ী কর্মচারীদের তালিকা পাওয়া গেলেও শাহাবাজপুর এবং শ্রীকাইল গ্যাসক্ষেত্রে হতে কোন তালিকা অদ্যাবধি পাওয়া যায়নি। ফলে ৪৬ জন অস্থায়ী কর্মচারীদের মধ্যে ২৮ জনের তালিকা প্রশাসন বিভাগে হস্তান্তর করা হয়েছে। এ প্রসঙ্গে ব্যবস্থাপনা পরিচালক বলেন, প্রাপ্ত তালিকা অনুযায়ী ২৮ জন কর্মচারীকে আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগ দিতে হবে; অবশিষ্ট কর্মচারীদের অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত রাখার কোন অবকাশ নেই। কেননা, পেট্রোবাংলা অস্থায়ী কর্মচারীদের মজুরী খাতে আর কোন বাজেট বরাদ্দ প্রদান করবে না। ফলে অস্থায়ী ভিত্তিতে তাদের কোম্পানির কাজে নিযুক্ত রাখার সুযোগ নেই। | প্রাপ্ত তালিকা অনুযায়ী ২৮ জন কর্মচারীকে দ্রুততার সাথে আউটসোর্সিং ভিত্তিতে নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (উৎপাদন) এবং উপমহাব্যবস্থাপক (সংস্থাপন) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪। | বাপেক্স ভবন বর্ধিতকরণ/ সম্প্রসারণ | এ বিষয়ে নির্মাণ বিভাগের প্রতিনিধি জনাব তারেক আহমেদ সভাকে অবহিত করেন, ইমারত নির্মাণ আইন অনুযায়ী বাপেক্স ভবন সম্প্রসারণের লক্ষ্যে রাজউক ও বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) নিকট থেকে অনুমোদন গ্রহণের লক্ষ্যে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। তবে বাপেক্স ভবন হস্তান্তরের বিষয়টি অদ্যাবধি সম্পন্ন হয়নি বিধায় বর্তমান মালিকানায় অনুমোদন পাওয়া গেলে পরবর্তীতে তা পুনরায় ইমারত নির্মাণ আইন অনুযায়ী পরিবর্তন করে বাপেক্স-এর নামে করতে হবে বলে তিনি সভায় জানান। এ কারণে ভবন রেজিস্ট্রেশনের পর অনুমতি গ্রহণ করা সমীচীন হবে বলে তিনি জানান। | ভবন রেজিস্ট্রেশন সম্পন্ন হলে প্রয়োজনীয় অনুমতি সংগ্রহ করতে হবে। | মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৫। | বাপেক্স ভবন ও এর জমি, রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের জমি এবং মাধবপুর রিগ বেইজের ভূমি বাপেক্স এর অনুকূলে রেজিস্ট্রেশন/ক্রয় কার্য সম্পাদন | (ক) ভবন রেজিস্ট্রেশনের অগ্রগতি সম্পর্ক জানতে চাইলে কোম্পানি সচিবালয়ের উপমহাব্যবস্থাপক জনাব মোঃ মঞ্জুরুল হক সভায় জানান, আইনজীবীর নিকট থেকে ইতোমধ্যে খসড়া রেজিস্ট্রেশন দলিল পাওয়া গিয়েছে। এটি চূড়ান্ত হলে রেজিস্ট্রেশনের ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে খসড়া দলিলটি পেট্রোবাংলা কর্তৃক ভেটিং করার বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক অভিমত প্রকাশ করেন। | ভেটিং করার জন্য খসড়া দলিলটি আগামী ১৯ জুলাই ২০২১ তারিখের মধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব |
| | | (খ) মাধবপুর রিগ বেইজের ভূমি বাপেক্সের অনুকূলে রেজিস্ট্রেশন/ক্রয় এর বিষয়ে গঠিত কমিটির আহবায়ক মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব জনাব মোঃ জাকির হোসেন সভাকে অবহিত করেন, কমিটি ইতোমধ্যে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী (টিজিটিডিসিএল)-এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে সরাসরি সাক্ষাৎ করেছেন। পরবর্তীতে টিজিটিডিসিএল-এর মহাব্যবস্থাপক (পরিকল্পনা)-এর সাথেও কথা বলেছেন। তিনি জানান, বিগত পর্ষদ সভায় বিষয়টি উত্থাপন করা হয়নি। এ বিষয়ে তিনি চলতি জুলাই মাস প্রয়োজন হতে পারে বলে জানিয়েছেন। জুলাই মাস শেষ হবার পর সার্বিক অগ্রগতির বিষয়ে ব্যবস্থাপনা পরিচালককে অবহিত করার জন্য তিনি সংশ্লিষ্ট কমিটিকে অনুরোধ করেন। এ বিষয়ে প্রয়োজনে ব্যবস্থাপনা পরিচালক উর্ধ্বতন কর্তৃপক্ষের সহযোগিতা চাইবেন বলে সভায় অভিহিত করা হয়। | সংশ্লিষ্ট কমিটি মাধবপুর রিগ বেইজের ভূমি ক্রয়/লিজের বিষয়ে সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন আগামী আগস্ট ২০২১ মাসের প্রথম সপ্তাহের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক বরাবর দাখিল করবে। | সংশ্লিষ্ট কমিটি |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (গ) রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের জমির মালিকানার বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক জানতে চাইলে কমিটির সদস্য জনাব মোঃ মাহবুবুর রশীদ সভায় জানান, এ কাজটি অনেকটা ধীর গতিতে চলছে। এ প্রসঙ্গে ব্যবস্থাপনা পরিচালক বলেন, জমি সংক্রান্ত বিষয়গুলো প্রত্যেকটি পৃথক পৃথক। এগুলোকে case to case বিবেচনা করতে হবে। রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের জমির বিষয়ে নির্মাণ বিভাগের ব্যবস্থাপক প্রকৌ. তারেক আহমদ সভায় জানান, গ্যাসক্ষেত্রটি আবাসিক প্লটের মধ্যে অবস্থিত হওয়ায় এটি বিশেষ শ্রেণীর অন্তর্গত হয়েছে। | রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের জমির মালিকানা বাপেক্স-এর নিকট হস্তান্তরের জন্য রাজউক-এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে | সংশ্লিষ্ট কমিটি |
| ৬। | চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে বহুতল ভবন নির্মাণ | (ক) কোম্পানি সচিব এ বিষয়ে মতামত ব্যক্ত করেন যে আঞ্চলিক কার্যালয়ের বহুতল ভবন নির্মাণের জন্য নির্ধারিত স্থান নিয়ে ইউসিবিএল-এর সাথে চলমান মামলায় মূলতঃ বাপেক্স-এর পক্ষে নিয়োজিত আইনজীবীর গাফিলতির কারণেই এখনও মামলাটি নিষ্পত্তি হয়নি; এ মামলার বাদীর কোন অস্তিত্ব নেই। ব্যবস্থাপনা পরিচালক, কোম্পানি সচিবের সাথে একমত পোষণ করেন। | (ক) চট্টগ্রামস্থ আঞ্চলিক কার্যালয়ের ভূমি সংক্রান্ত মামলা পরিচালনার জন্য একজন দক্ষ ও বিজ্ঞ সিনিয়র আইনজীবী নিয়োগ প্রদান করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম) এবং মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| | | (খ) আঞ্চলিক কার্যালয়ে ভবন নির্মাণের বিষয়ে উপমহাব্যবস্থাপক (নির্মাণ) জানান, পদ্মা অয়েল এবং যমুনা অয়েল থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয়েছে। EOI এবং RFP প্রণয়নের জন্য তিনি একটি কমিটি গঠনের প্রস্তাব দেন। | (খ) EOI এবং RFP প্রণয়নের জন্য আগামী ১৯ জুলাই ২০২১ তারিখের মধ্যে কমিটি গঠন করতে হবে। | (খ) মহাব্যবস্থাপক (নির্মাণ) এবং মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৭। | ফেঞ্চুগঞ্জ কূপ # ১, ২ এবং সেমুতাং কূপ # ৫ ও ৬ কূপ খনন/উন্নয়ন | এ বিষয়ে ভূতাত্ত্বিক বিভাগের মহাব্যবস্থাপক জানান, ফেঞ্চুগঞ্জ-১ ও ২ কূপের study থেকে প্রতীয়মান হয়েছে এখানে গ্যাস প্রাপ্তির কোন সম্ভাবনা নেই। অন্যদিকে, সেমুতাং কূপ # ৫ ও ৬ কূপ খনন/উন্নয়ন-এর প্রাক্কলন কমিটির সদস্য সচিব জনাব খালিদ আহাম্মেদ খান নিয়মিত যোগাযোগ না করায় প্রাক্কলন প্রতিবেদন দাখিল করা যাচ্ছে না। | আগামী ১৯ জুলাই ২০২১ তারিখ সকাল ১০.০০টায় ব্যবস্থাপনা পরিচালকের নিকট প্রাক্কলন কমিটির কার্ক্রমের অগ্রগতি উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (ভূতাত্ত্বিক) এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৮। | কাপাসিয়া কূপ খনন স্থাপনায় স্টিল স্ট্রাকচার ভবন নির্মাণ | এ বিষয়ে কাজের অগ্রগতি জানতে চাইলে নির্মাণ বিভাগের ব্যবস্থাপক জনাব প্রকৌ. তারেক আহমদ সভায় জানান, এ ধরনের নির্মাণ কৌশল বাপেক্স-এর জন্য একেবারেই নতুন। তাই এ বিষয়ে প্রযুক্তিগত সম্যক ধারণা অর্জন ও সহযোগিতা প্রাপ্তির লক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে। | কাপাসিয়া কূপ খনন স্থাপনায় স্টিল স্ট্রাকচার ভবন নির্মাণের বিষয়ে দ্রুততার সাথে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৯। | শাহবাজপুর # ৩ কূপ এলাকা থেকে রিগ ও রিগ সংশ্লিষ্ট মালামাল স্থানান্তর | এ বিষয়ে মহাব্যবস্থাপক (প্রকৌশল) সভাকে জানান, দাখিলকৃত প্রাক্কলনে কিছু observation রয়েছে যা দ্রুত শেষ করা হবে বলে তিনি জানান। তিনি আরও বলেন, প্রাক্কলন শেষ হবার সাথে সাথেই উন্মুক্ত পদ্ধতিতে দরপত্র আহবান করা হবে। | দ্রুততার সাথে উন্মুক্ত পদ্ধতিতে দরপত্র আহবানের ব্যবস্থা নিতে হবে। | মহাব্যবস্থাপক (প্রকৌশল), প্রকল্প পরিচালক (রিগ পুনর্বাসন প্রকল্প) এবং উপমহাব্যবস্থাপক (স্থানীয় ক্রয়) |
| ১০। | শাহবাজপুর গ্যাস ক্ষেত্রের জন্য ৬০ এমএমসিএফডি ক্যাপাসিটির প্রসেস প্লান্ট স্থাপন কাজের অগ্রগতি সংক্রান্ত | এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক প্রকল্প পরিচালকের দৃষ্টি আকর্ষণ করলে প্রকল্প পরিচালক বলেন, তিনি গত ৭ জুলাই থেকে ১১ জুলাই পর্যন্ত প্রকল্প এলাকায় অবস্থান করেন। 5 Blues-এর প্রতিনিধি এবং সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড-এর মহাব্যবস্থাপক (অপারেশন) সাথে তিনি বিভিন্ন সময় সভায় মিলিত হন। শাহবাজপুর গ্যাসক্ষেত্র থেকে বোরহানুদ্দীন পর্যন্ত manifold স্থাপনের স্থান চিহ্নিত করা হয়েছে। এছাড়া ওয়্যারহাউজ, ফায়ার ফাইটিং ইক্যুপমেন্ট ও রিজার্ভার, জেনারেটরসহ বিভিন্ন স্থাপনার জন্য স্থান নির্ধারণ সম্পন্ন করা হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। মহাব্যবস্থাপক (উৎপাদন) এ সম্পর্কে অবগত আছেন বলে সভায় জানান। | প্রকল্পর কাজ সম্পাদনের বিষয়টি নিয়মিত পর্যবেক্ষণ করে ব্যবস্থাপনা পরিচালককে অবহিত করতে হবে। | প্রকল্প পরিচালক (৬০ এমএমসিএফডি প্রসেস প্লান্ট সংগ্রহ ও স্থাপন প্রকল্প) |
| ১১। | বিভাগওয়ারী মাসিক কার্য সম্পাদন প্রতিবেদন দাখিল সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক কোন্ কোন্ বিভাগ হতে প্রতিবেদন পাওয়া গিয়েছে এ বিষয়ে জানতে চাইলে সভায় অবহিত করা হয়, উৎপাদন, পরীক্ষাগার, প্রশাসন, হিসাব ও অর্থ, প্রকৌশল এবং কোম্পানি সচিবালয় বিভাগ হতে প্রতিবেদন পাওয়া গিয়েছে। তিনি সকল বিভাগের মহাব্যবস্থাপকগণকে নিয়মিতভাবে নির্ধারিত তারিখের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করেন। | প্রতিটি বিভাগ হতে মাসিক কার্য সম্পাদন প্রতিবেদন পরবর্তী মাসের ৩ তারিখের মধ্যে কোম্পানি সচিবালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। এছাড়া যেসব বিভাগ হতে বিগত জুন মাসের প্রতিবেদন অদ্যাবধি প্রেরণ করা হয়নি তা আগামী ১৯ জুলাই ২০২১ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | সকল বিভাগীয় প্রধান, উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) এবং সকল প্রকল্প পরিচালক |
| ১২। | রিগবেইজ-এর জন্য জমি ক্রয় | এ বিষয়ে উপমহাব্যবস্থাপক (প্রকৌশল) জনাব মোঃ মনিরুজ্জামান সভায় বলেন, রিগবেইজের জন্য জমি ক্রয়ের একটি পরিকল্পনা রয়েছে। তবে কভিড পরিস্থিতির ভয়াবহতায় তা সম্ভব হচ্ছে না। তিনি আরও বলেন, পরিস্থিতির উন্নতি হলে feasibility study শেষ করে এ বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হবে। | কোভিড পরিস্থিতির উন্নতি ঘটলে দ্রুততার সাথে feasibility study সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রকৌশল) এবং মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১৩। | সালদা # ২ কূপের ওয়ার্কওভার | এ বিষয়ে মহাব্যবস্থাপক (উৎপাদন) সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন, সালদা # ২ কূপ খনন দ্রুততার সাথে সম্পাদন করা প্রয়োজন। এ প্রসঙ্গে তিনি বলেন, সর্বোচ্চ ৩০০ মিটার খনন করে ওয়ার্ক ওভার করার প্রয়োজন হতে | (ক) সালদা # ২ কূপের ওয়ার্ক ওভার সম্পাদনের জন্য যেসব মালামাল ক্রয় করতে হবে তা নির্ধারণের জন্য নিম্নবর্ণিত | (ক) মহাব্যবস্থাপক (প্রশাসন) (খ) মহাব্যবস্থাপক (খনন) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | পারে। এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালকের প্রশ্নের জবাবে খনন বিভাগের ড্রিলিং সুপারিনটেনডেন্ট জনাব মোঃ আনিছুর রহমান জানান, slim hole run করে ওয়ার্ক ওভার সম্পন্ন করা যেতে পারে। ব্যবস্থাপনা পরিচালক এ বিষয়ে আগামী বোর্ড সভায় কার্যপত্র উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন করতে হবে:<br>(১) মহাব্যবস্থাপক (ভূতাত্ত্বিক)-আহবায়ক<br>(২) খনন বিভাগের প্রতিনিধি-সদস্য<br>(৩) প্রকৌশল বিভাগের প্রতিনিধি-সদস্য<br>(৪) ওয়েল সার্ভিসেস বিভাগের প্রতিনিধি-সদস্য সচিব<br>(খ) আগামী বোর্ড সভায় সালদা-২ ওয়ার্কওভারের বিষয়ে কার্যপত্র উপস্থাপন করতে হবে। | |
| ১৪। | সরকারের নির্বচানী ইশতেহার বাস্তবায়নের বাপেক্স-এর ভূমিকা | ব্যবস্থাপনা পরিচালক সভায় বলেন, বর্তমান সরকার নির্বাচনী ইশতেহারে যেসব বিষয় ঘোষণা করেছে এর মধ্যে বাপেক্স-এর কার্ক্রমের সাথে ৩টি বিষয় জড়িত: (১) Unconventional পদ্ধতিতে খনন (২) Deep Drilling (৩) পার্বত্য এলাকায় স্ট্রাকচার নির্ধারণ। তিনি জানান, সর্বশেষ বিষয়টি নিয়ে গত ৩০ জুন ২০২১ তারিখের জালানি মন্ত্রণালয়ের সভায় এ সংক্রান্ত একটি সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। তিনি আরও বলেন, ইতোমধ্যে Unconventional পদ্ধতিতে খনন এবং Deep Drillingএর কাজ এগিয়ে চলছে। তবে পার্বত্য এলাকায় স্ট্রাকচার নির্ধারণের বিষয়ে এখনও কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি যা খুব দ্রুততারে সাথে গ্রহণ করা প্রয়োজন। | পার্বত্য এলাকায় স্ট্রাকচার নির্ধারণের জন্য দ্রুততার সাথে কমিটি গঠন করে EOI আহবান করে JVA পার্টনার নির্বাচন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (ভূতাত্ত্বিক) এবং মহাব্যবস্থাপক (ভূপদার্থিক) |
| ১৫। | পূর্ত কাজ সম্পন্নের পর স্থাপনা অধিকর্তা কর্তৃক প্রত্যয়ন প্রদান | ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান, সম্প্রতি পোমরা ম্যাগজিন পিটে ভূমিধসের ঘটনার প্রেক্ষিতে দেখা গেছে চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে নিয়ন্ত্রণাধীন হলেও পোমরা ম্যাগজিন পিট স্থাপনাটি নির্মাণ শেষে চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় হতে মান সনদ/কার্যসম্পাদন সনদ দেয়া হয়নি। তিনি আরও বলেন, গুণগত মান নিশ্চিত করার স্বার্থে সংশ্লিষ্ট কর্মএলাকার নিয়ন্ত্রণকারী কর্মকর্তা/প্রতিনিধির প্রত্যায়ন থাকা আবশ্যক। | যে সকল স্থাপনা নির্মাণ বিভাগ কর্তৃক নির্মিত হবে ঐ সকল স্থাপনার প্রতিনিধি সমন্বয়ে গঠিত কমিটি কার্যসম্পাদন সনদ/মান সনদ প্রদান করবে | সকল মহাব্যবস্থাপক, সকল প্রকল্প পরিচালক এবং সকল স্থাপনা প্রধান |
| ১৬। | কম্পিউটার এক্সেসরিজ ক্রয় | এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন, বিভিন্ন বিভাগের চাহিদার প্রেক্ষিতে নিয়মিতভাবে কম্পিউটার এক্সেসরিজ ক্রয় করা হয়ে থাকে। বিচ্ছিন্নভাবে এ ধরনের ক্রয়ে নানারকম প্রশাসনিক ও আর্থিক জটিলতাসহ অপচয় হবার সম্ভাবনা থাকে। তিনি আরও বলেন, এ অবস্থা থেকে পরিত্রাণ পেতে | স্টেশনারিজ ও কম্পিউটার এক্সেসরিজ বিচ্ছিন্নভাবে ক্রয় না করে ফ্রেমওয়ার্ক চুক্তির আওতায় নির্দিষ্ট প্রতিষ্ঠান হতে ক্রয় করতে হবে এবং এ বিষয়ে জরুরি ভিত্তিতে | মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং উপমহাব্যবস্থাপক (স্থানীয় ক্রয়) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ফ্রেমওয়ার্ক চুক্তির আওতায় যে কোন ৩টি প্রতিষ্ঠানের নিকট হতে কম্পিউটার এক্সেসরিজ ক্রয় করা যেতে পোরে। মূল্য বাবদ পরিশোধযোগ্য অর্থ ক্রসড চেকের মাধ্যমে পরিশোধ করা হবে। একইভাবে স্টেশনারিজ আইটেম ক্রয় করা যায় বলে তিনি অভিমত প্রকাশ করেন। | ব্যবস্থা নিতে হবে। | |
| ১৭। | বাপেক্স অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশনের কার্যক্রম | এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন, অফিসার্স এসোসিয়েশন অদ্যাবধি কী কী কাজ করেছে তা সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | আগামী সমন্বয় সভায় অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন-এর অদ্যাবধি সম্পাদিত কাজের বিবরণী উপস্থাপন করবে। | সভাপতি এবং সাধারণ সম্পাদক, বাপেক্স অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশনের |

পরিশেষে ব্যবস্থাপনা পরিচালক প্রকল্প পরিচালকগণের উদ্দেশ্যে বলেন, প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। প্রকল্পের কোন ক্রয় কাজ বিলম্ব করা যাবে না। বাপেক্স-এর প্রকল্পসমূহের ক্রয় প্রক্রিয়ার গতিশীলতা একটি রোল মডেল হিসেবে পরিগণিত হয়েছে বলে সভায় তিনি জানান। তিনি আরও বলেন, ডিপিপি অনুমোদনের বিষয়টি প্রক্রিয়াধীন অবস্থাতেই মূল্যায়ন সম্পন্ন করা হয়। ফলে ডিপিপি অনুমোদন হওয়া মাত্রই ক্রয় আদেশ ইস্যু করা সম্ভব হয়। এতে করে ক্রয় কাজ দ্রুততার সাথে শেষ হয় এবং প্রকল্পের মেয়াদ শেষ হবার আগেই/মেয়াদের মধ্যেই লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়। এজন্য তিনি প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে এ ধারা অব্যাহত থাকবে বলে আশা করেন। এছাড়া সকলকে দরপত্রের মূল্যায়ন নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন না করা হলে জবাবদিহিতার সম্মুখীন হতে হবেট বলে তিনি স্মরণ করিয়ে দেন।

আর কোন আলোচনা না থাকায় সকলের নিরাপদ ও সুস্থ জীবন এবং পবিত্র ইদুল আযহার শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৯/২০

(মোহাম্মদ আলী)
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ (অবগতি ও কার্যার্থে):

১) মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/জনাব/বেগম ………………………………………………………………………, বাপেক্স।